



“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি
GAIBANDHA PALLI BIDYUT SAMITI

সদর দপ্তর

তুলশীঘাট, গাইবান্ধা।

মোবাইল নং- ০১৭৬৯৪০০০৩০

E-mail : gbandhapbs@yahoo.com


Website : www.gaibandhapbs.org.bd

দরপত্র বিজ্ঞপ্তি

- ০১৥ গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর নিজস্ব তহবিলের আওতায় নিম্ন বর্ণিত ডট মেট্রিক্স প্রিন্টার ক্রয়ের নিমিত্তে বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে :

দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
					গ্রহণ	খোলা
১	২	৩	৪	৫	৬	৭
G.17-18. 64.28.001	ডট মেট্রিক্স প্রিন্টার (সিডিউলে বর্ণিত বিবরণ, স্পেসিফিকেশন ও পরিমাণ অনুযায়ী)	৫০০/-	১৪০০০/-	১২/১০/২০১৭ইং (বৃহস্পতিবার) হতে ০৫/১১/২০১৭ইং (রবিবার) পর্যন্ত অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৬/১১/২০১৭ইং (সোমবার) দুপুর ১২-০০ ঘটিকা পর্যন্ত।	০৬/১১/২০১৭ইং (সোমবার) দুপুর ১২-৩০ ঘটিকা।

- ০২৥ আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।
- ০৩৥ আগ্রহী দরদাতাগণ গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে প্রতিটি দরপত্রের জন্য উপরে বর্ণিত ছকের ৩নং কলামে উল্লিখিত টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ক্রয় রশিদ সংযুক্ত করতঃ গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, তুলশীঘাট, গাইবান্ধা (২) পরিচালক, পল্লী বিদ্যুৎ সমিতি এর ব্যবস্থাপনা পরিচালন (উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তর হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ০৪৥ উপরে বর্ণিত সময় সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে /ডাকযোগে /কুরিয়ারযোগে শর্তাবলীর ৩নং ক্রমিক উল্লিখিত ০২(দুই) টি কার্যালয়ের যে কোনটিতে দরপত্র পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে বর্ণিত ছকের ৪নং কলামে উল্লিখিত টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র ছকের ০৭ (সাত) নং কলামে বর্ণিত সময়সূচী অনুযায়ী শর্তাবলীর ৩নং ক্রমিক উল্লিখিত ০২(দুই) টি কার্যালয়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫৥ দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়সীমার কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৬৥ দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, চলতি আয়কর ক্লিয়ারেন্স সনদ, ভ্যাট রেজিস্ট্রেশনের সনদ পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৭৥ অফারকৃত স্পেসিফিকেশনের স্বপক্ষে Component এর Printed Catalog/ Voucher অবশ্যই দাখিল করতে হবে।
- ০৮৥ সংযুক্ত Specification অনুযায়ী সরবরাহতব্য মালামাল স্থানীয় বাজারে না পাওয়া গেলে বর্ণিত স্পেসিফিকেশনের বিপরীতে আপার মডেলের মালামাল অফার করা যাবে, তবে সেক্ষেত্রে দরপত্রের সাথে অফারকৃত মালামালের যথেষ্ট কারিগরী ব্যাখ্যা (তুলনামূলক বিবরণীসহ) দাখিল করতে হবে।
- ০৯৥ সরবরাহকৃত ডট মেট্রিক্স প্রিন্টার এর Dealership/Distributor/Re-Seller হিসাবে সরবরাহকারীর কম্পিউটার ব্যবসার সনদপত্র থাকতে হবে এবং এ বিষয়ে Manufacturer এর Authorization Letter দাখিল করতে হবে।
- ১০৥ মালামাল সরবরাহকালে প্রত্যেক মালামালের সাথে সরবরাহকারীর নাম, কার্যাদেশ নং, তারিখ ও ক্রমিক নং সম্বলিত একটি স্টিকার লাগানো থাকতে হবে।
- ১১৥ দরদাতা প্রতিষ্ঠানের অবশ্যই বাংলাদেশ কম্পিউটার সমিতি এর সদস্যপদ থাকতে হবে এবং প্রমাণ স্বরূপ সদস্য নম্বর উল্লেখ পূর্বক কম্পিউটার সমিতির এতদসংক্রান্ত পত্রের অনুলিপি প্রদান করতে হবে।
- ১২৥ অন্যান্য শর্তাবলী দরপত্র দলিলে বর্ণিত আছে।
- ১৩৥ গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি-কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন যে কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


জেনারেল ম্যানেজার
গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি